



विश्वभारती
विश्वभारती
VISVA-BHARATI

दु-दिनेर जातीय सुरेर आलोचनासभा

एकुश शतके बांग्ला भाषा-साहित्येर 'बिकिरण' : समस्या ओ संभावना

११-१८ मार्च २०२७

प्लेनारि टक, टेकनिक्याल सेशन, प्यानेल डिसकाशन, राउन्डटेबिल डायलग
प्रदर्शनी ओ साक्ष्यकालीन सांस्कृतिक अनुष्ठान
एवंग अंशग्रहणकारीदेर जन्य निबन्धपाठेर समान्तराल अधिवेशन

आयोजक
बांग्ला विभाग, भाषाभवन
विश्वभारती, शांतिनिकेतन

আমন্ত্রিত বক্তা

অনিতা অগ্নিহোত্রী, অনির্বাণ ভট্টাচার্য, আবদুল কাফি, ঈঙ্গিতা হালদার
জয়া মিত্র, পরিমল ভট্টাচার্য, পৃথ্বী বসু, প্রসূন বর্মণ, বরেন্দ্র মণ্ডল, মৃন্ময় প্রামাণিক
যশোধরা রায়চৌধুরী, রাজর্ষি গুপ্ত, রামকুমার মুখোপাধ্যায়
সাধন চট্টোপাধ্যায়, সন্নাত্রানন্দ, সুরত সিন্হা, সুযোগ বন্দ্যোপাধ্যায়, স্বপন পাণ্ডা

বিষয়ভিত্তিক প্রস্তাবনা

একবিংশ শতাব্দীর পঁচিশ বছর প্রায় অতিক্রান্ত। নব্য-উদারনৈতিক অর্থনীতি, ভূবনায়ন সমস্ত পৃথিবীতেই সাহিত্য বিভাগগুলির সামনে একই সঙ্গে সম্ভাবনা ও সমস্যার দ্বারোদ্ঘাটন করেছে।

ভারতবর্ষের যুক্তরাষ্ট্রীয় কাঠামো বিভিন্ন ভারতীয় ভাষা-সাহিত্যের চর্চাক্ষেত্রে যে স্বাধিকার প্রদান করেছিল সেই স্বাধিকারের উত্তরাধিকার বাংলা ভাষা-সাহিত্য কীভাবে নানা ক্ষেত্রে নানা উপকরণের সমাবেশে গোলকায়িত নব্য-উদারপন্থী অর্থনৈতিক পরিস্থিতিতে বহন করেছে তা ফিরে দেখাই এই আন্তর্জাতিক আলোচনা চক্রের উদ্দেশ্য।

বিশ্বভারতীর বাংলা ভাষা-সাহিত্য বিভাগ এই আলোচনা চক্রের কেন্দ্রে রবীন্দ্রনাথের একটি ভাবনাসূত্রকে ব্যবহার করতে উৎসাহী। রবীন্দ্রনাথ তাঁর ‘শিক্ষার বিকিরণ’ প্রবন্ধে লিখেছিলেন, ‘বিশ্ববিদ্যালয় আপন পীঠস্থানের বাহিরেও যদি ব্যাপক উপায়ে আপন সত্তা প্রসারণ করে তবেই বাংলাভাষায় যথোচিত পরিমাণে শিক্ষাপাঠ্য গ্রন্থরচনা সম্ভবপর হবে।’ এই যে প্রাতিষ্ঠানিক পরিসরের বাইরে গণ পরিসরে বাংলা ভাষা-সাহিত্যের মাধ্যমে জ্ঞান-বিদ্যাকে সম্প্রসারিত করতে চাইছিলেন রবীন্দ্রনাথ তা কেবল ঔপনিবেশিক পর্বের স্বদেশিক আত্মপরিচয়ের সূত্রে জেগে ওঠা ভাবনা মাত্র ছিল না, বর্তমান পরিস্থিতিতে বোঝা যাচ্ছে সেই ভাবনা এখনও সমান গুরুত্বপূর্ণ। ‘বিকিরণ’ শব্দটি শ্লিষ্ট— তা ছড়িয়ে পড়া, সম্প্রসারণ ইত্যাদিকে যেমন বোঝায় তেমনি অন্তর্নিহিত ‘কিরণ’ শব্দের মাধ্যমে ‘আলোকায়নের রূপকল্প’কেও প্রকাশ করে। বাংলা ভাষা-সাহিত্যকে ও সেই ভাষা-সাহিত্যের অন্তর্গত বিদ্যা ও জ্ঞানকে রবীন্দ্রনাথ অবশ্য কেবলমাত্র ভদ্রলোক শ্রেণির অন্তর্গত করে রাখতে চাননি অথবা এও ভাবেননি ‘শিক্ষার বিকিরণ’ মানে উচ্চচূড়া থেকে জ্ঞানালোকের অবতলবর্তী ভূভাগে অবতরণ। তাঁর কাছে বিকিরণ সংযোগসাধন। এই সংযোগসাধন তখনই সম্ভব হবে যখন এক বিদ্যাবিষয়ের সঙ্গে অপর বিদ্যাবিষয়ের, এক জ্ঞান-পদ্ধতির সঙ্গে অন্য জ্ঞান-পদ্ধতির, এক শিল্পরূপের সঙ্গে অপর শিল্পরূপের, এক প্রযুক্তির সঙ্গে অপর প্রযুক্তির, এক ভাষার সঙ্গে অপর ভাষার, এক শ্রেণিগত অবস্থানের সঙ্গে অপর শ্রেণিগত অবস্থানের সংলাপ তৈরি হবে। যে-কোনও সংলাপই সম্ভাবনা ও সমস্যা তৈরি করে।

সংশ্লিষ্ট বিষয়

১. একুশ শতকে জাতীয় ও আন্তর্জাতিক ভাষানীতি : ভাষা-সংযোগ, আগ্রাসন ও প্রতিরোধ
২. বাংলা ভাষা ও 'ডিজিটাল হিউমানিটিজ'
৩. আঞ্চলিক ভাষা বনাম মান্যভাষা: বিদ্যালয়ের প্রাথমিক স্তরে পঠন-পাঠনে 'মান্য বাংলা'-র ভূমিকা ও সীমাবদ্ধতা
৪. নতুন মাধ্যম, নতুন সাহিত্য : বাংলা গ্রাফিক নভেল, ব্লগ, সামাজিক মাধ্যমে ভাষা-সাহিত্যের চর্চা
৫. একুশ শতকের বাংলা আখ্যান : নতুন সংরূপের খোঁজ
৬. একুশ শতকের বাংলা কবিতার প্রবণতা : স্বরূপ ও বৈচিত্র্য
৭. সাম্প্রতিক বাংলা থিয়েটার : নাট্যভাষা ও প্রযোজনার রূপান্তর
৮. বাংলা ভাষায় অনুবাদ : সাম্প্রতিক প্রবণতা
৯. বাংলা ভাষার নতুন গান: বাংলা ব্যান্ড ও বাংলা রক
১০. বাংলা ডায়ালেক্ট : স্মৃতি, পরিচয় ও প্রান্তিকতা
১১. বাংলা ভাষার সাম্প্রতিক চলচ্চিত্র
১২. একুশ শতকে বাংলা সাহিত্যের পাঠ-পদ্ধতির পরিবর্তন: পাঠক্রম, সাহিত্য সমালোচনা ও নন্দনতত্ত্ব
১৩. ডিজিটাল আর্কাইভ ও বাংলা সাহিত্য : সংরক্ষণ, পুনর্পাঠ ও জ্ঞানতাত্ত্বিক প্রশ্ন
১৪. স্মৃতি ও ইতিহাস : সমকালীন বাংলা সাহিত্যে ব্যক্তিগত ও রাজনৈতিক অভিজ্ঞতার পুনর্গঠন
১৫. বাংলা ভাষায় লোকসংস্কৃতি চর্চার সাম্প্রতিক প্রবণতা
১৬. বাংলা ভাষা: নানা বিদ্যার চর্চা
১৭. বাংলা অভিধান ও পরিভাষা-চর্চার সাম্প্রতিক প্রবণতা
১৮. সাম্প্রতিক বাংলা সাহিত্যে লিঙ্গ রাজনীতি
১৯. নতুন শতাব্দীর শৈশব-কৈশোর ও বাংলা সাহিত্যে প্রতিক্রিয়া
২০. বাংলা সাহিত্যে দলিত ও প্রান্তিক স্বর

আগ্রহী ছাত্র, শিক্ষক ও গবেষকরা আগামী ৩ মার্চ ২০২৬-এর মধ্যে উপরের বিয়য়সূচির সূত্রে আলোচনাসভায় গবেষণা-নিবন্ধ পাঠের জন্য অনধিক ৫০০ শব্দের মধ্যে টাইপ করে বিষয়প্রস্তাব পাঠাতে পারেন।

রেজিস্ট্রেশন ফি

১. নিবন্ধ পাঠের জন্য : স্নাতক বা স্নাতকোত্তর কোর্সে পাঠরত বিভাগীয় ছাত্র ৩০০ টাকা, বিশ্বভারতীর অন্য বিভাগ ও অন্য প্রতিষ্ঠানে স্নাতক বা স্নাতকোত্তর কোর্সে পাঠরত ছাত্র ৫০০ টাকা, গবেষক ১০০০ টাকা, শিক্ষক ও স্বাধীন গবেষক ১২০০ টাকা

২. সাধারণ অংশগ্রহণকারীদের জন্য : স্নাতক বা স্নাতকোত্তর কোর্সে পাঠরত বিভাগীয় ছাত্র ৩০০ টাকা, বিশ্বভারতীর অন্য বিভাগ ও অন্য প্রতিষ্ঠানে স্নাতক বা স্নাতকোত্তর কোর্সে পাঠরত ছাত্র ৫০০ টাকা, অন্যান্য ৭০০ টাকা।

নাম-নথিভুক্তকরণ ও বিশদ জানতে

<https://forms.gle/9ZkXZTJhGDqwT5qGA>



যোগাযোগ

visvabharatibengaliseminar2024@gmail.com

৯০০৭০৫৬০৭২, ৯৪৩৩৯৫৭৭৭১

আলোচনাচক্রে অনলাইনে নিবন্ধ উপস্থাপনের সুযোগ নেই।
নিবন্ধ উপস্থাপনের জন্য কোনো রকম সাম্মানিকের ব্যবস্থা নেই।
যাতায়াত ও আনুষঙ্গিক ব্যয়ভার বহন করতে হবে অংশগ্রহণকারীকেই।

বিশ্বজিৎ রায় নীলরতন সরকার
যুগ্ম-আহ্বায়ক, সেমিনার কমিটি

মানবেন্দ্র মুখোপাধ্যায়
বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ